গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৮.২৩.০০১.২১- ১৯৮

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০১ জুন ২০২১

ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থবছরের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব
সভার স্থান	:	আইএমইডি'র সম্মেলন কক্ষ
সভার তারিখ	:	৩০ মে ২০২১
সময়	:	দুপুর ১২:০০ টায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/ কর্মকর্তাগণের নামের তালিকা: সংযোজনী 'ক'।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। স্বাস্থ্য বিধি মেনে এই অর্থবছরের শেষ সভায় উপস্থিত হওয়ার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। তিনি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী যে সকল কার্যক্রম বাস্তবায়িত হয়েছে এবং যা বাস্তবায়ন করতে হবে তা নিয়ে আলোচনার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। সক্ষমতা বৃদ্ধি : সক্ষমতা বৃদ্ধির জন্য উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির দুই দিনের ৩টি ব্যাচ এবং সেবা পদ্ধতি সহজীকরণের ২টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। সক্ষমতা বৃদ্ধির জন্য "উদ্ভাবন ও সেবা সহজীকরণের" বিষয়ে এক দিনের ২টি কর্মশালা/সেমিনার কর্মপরিকল্পনা রয়েছে। আগামী জুন ২০২১ মাসের ১ম সপ্তাহে দুটি কর্মশালা অনুষ্ঠানের জন্য আলোচনা হয়।	আগামী জুন ২০২১ মাসের ১ম সপ্তাহে দুটি কর্মশালা অনুষ্ঠিত হবে।	সদস্য সচিব ইনোভেশন টিম
২। উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন: সদস্য সচিব ২০২০-২০২১ অর্থবছরে এ বিভাগের জন্য প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ সভাকে অবহিত করেন যে নিম্নরূপ: ১. Citizen Centric Procurement Information ২. জাতীয় সংসদে আইএমইডির তথ্য প্রেরণ ৩. কাস্টমাইজড সফটওয়্যার প্রণয়নের মাধ্যমে সমন্বিত তথ্য ব্যবস্থা প্রবর্তন ৪. PMIS এর মাধ্যমে IMED'র কার্যক্রম সহজীকরণ ৫. Monthly ADP Implementation Report ৬. Details Procurement Information in PCR (Project Completion Report) Section-8.1 ৭. আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদনের পর্যবেক্ষণের ও সুপারিশের ফিডব্যাক প্রদান ৮. PCR Evaluation Digitizing and Improvement Project ৯. ADP Progress Analysis ১০. স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য ধারাবাহিক তথ্য সন্নিবেশকরণ ১১. Modification of Existing PCR ১২. Firm selection for In-depth Monitoring & Impact Evaluation ১৩. বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি।	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে ২৪/১২/২০২০ তারিখে অফিস আদেশ জারি করা হয়েছে।	সদস্য সচিব

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উদ্ভাবনী উদ্যোগের তালিকা চূড়ান্ত করে ২০২০-২০২১ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী তথ্য বাতায়নে ৩ নভেম্বর ২০২০ তারিখে প্রকাশ করা হয়েছে। "বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি" বাস্তবায়িত হয়েছে এবং ২৪/১২/২০২০ তারিখে বাস্তবায়নের জন্য অফিস আদেশ জারি করা হয়েছে।		
৩। তথ্য বাতায়ন হালনাগাদকরণ: সভাপতি তথ্য বাতায়ন ইনোভেশনের কর্মকাণ্ডগুলো হালনাগাদ করার বিষয়ে জানতে চান। তথ্য বাতায়নে সকল তথ্য আপলোড করার জন্য তিনি অনুরোধ করেন।	তথ্যবাতায়ন হালনাগাদ করতে হবে।	নাজনীন নাহার, প্রোগ্রামার ও সদস্য ইনোভেশন টিম
৪। প্রকাশনা: সভাপতি বিগত ১৪ মার্চ ২০২১ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক উদ্ভাবনের কর্মকালন্ডের উপর প্রকাশনাটি এবং ইনোভেশন শোকেসিং নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, টিমকে ভবিষ্যতে এই ধারা অব্যাহত রাখতে হবে। সম্প্রতি এই বিভাগ কর্তৃক আয়োজিত ৯টি ওয়েবিনার নবতর উদ্ভাবন ও উত্তম চর্চা হিসেবে প্রকাশনার উদ্যোগ গ্রহণ করতে হবে।	নবতর উদ্ভাবন ও উত্তম চর্চা হিসেবে ৯টি ওয়েবিনার পেপারের সংকলন প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে।	সদস্য সচিব ও ইনোভেশন টিমের সদস্যগণ
৫। বিবিধ: সভাপতি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ যে সকল বিষয় এখনো বাস্তবায়িত হয়নি তা বাস্তবায়নে ইনোভেশন টিমকে কার্যক্রম গ্রহণের অনুরোধ করেন।	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে এবং লক্ষ্য অর্জন নিশ্চিত করতে হবে।	সদস্য সচিব ও ইনোভেশন টিমের সদস্যগণ

০৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩.০৬.২০২১

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার

বিতরণ/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব ওয়াহিদা হামিদ, উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
২। জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (উপসচিব), সেক্টর-৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩। জনাব মোঃ আব্দুল্লাহ আল-মামুন, পরিচালক (উপসচিব), সেক্টর-৬, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪। জনাব মোঃ সাইফুল ইসলাম, পরিচালক, সেক্টর-৫, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫। জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৬। জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭। জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এম আই এস সেক্টর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি।